



দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর-১৭০৩

আইনজীবী প্যানেলভুক্তিকরণ বিজ্ঞপ্তি

গাজীপুর জেলার নিম্ন আদালত এবং ঢাকাস্থ সুপ্রিম কোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগে মামলা পরিচালনাসহ কোম্পানীর নানা বিষয়ে আইন সংক্রান্ত পরামর্শ/সহায়তা প্রদানের জন্য আদালত ভিত্তিক অভিজ্ঞ আইনজীবী প্যানেলভুক্তির নিমিত্তে নিম্নলিখিত শর্ত পূরণকারী বাংলাদেশের নাগরিকদের নিকট হতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- ১। গাজীপুর জেলার আদালতসমূহের জন্য :
গাজীপুর জেলার নিম্ন আদালতে দেওয়ানী ও ফৌজদারী মামলা পরিচালনায় কমপক্ষে ১৫(পনের) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ২। ঢাকাস্থ হাইকোর্ট/সুপ্রিম কোর্টের জন্য :
 - ক) সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগে বিভিন্ন মামলা পরিচালনায় প্রার্থীকে কমপক্ষে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
 - খ) কোম্পানী আইন বিষয়ক পরামর্শ ও মামলা পরিচালনার জন্য কোম্পানী আইনেও অভিজ্ঞ হতে হবে।
 - গ) আইন পেশায় উচ্চতর ডিগ্রীধারী প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- ৩। অবসর প্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা যারা আইন পেশায় নিয়োজিত আছেন এবং উপরোক্ত অভিজ্ঞতা আছে তারাও আবেদন করতে পারবেন।
- ৪। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।
- ৫। আবেদনকারীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী এবং মানসিকভাবে সুস্থ হতে হবে।

উপর্যুক্ত প্রার্থী/প্রার্থীদের প্যানেলভুক্ত আইনজীবী হিসেবে ৩(তিন) বছরের জন্য নির্বাচন করা হবে। প্যানেলভুক্ত আইনজীবীদের বিভিন্ন আদালতে মামলা পরিচালনার, জমি/বাড়ী/ফ্ল্যাটের মালিকানা সত্ত্বের সঠিকতা যাচাইকরণ কাজ, বিভিন্ন আইনগত পরামর্শ ও অফিসিয়াল নথিতে মতামত প্রদানের জন্য চুক্তিভিত্তিক 'ফি' প্রদান করা হবে।

আগ্রহী প্রার্থীদের ২(দুই) কপি ছবিসহ অভিজ্ঞতা ও পূর্ণ জীবন বৃত্তান্ত উল্লেখপূর্বক সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ দরখাস্ত অফিস চলাকালীন সময়ে (রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত) আগামী ২৩/০৯/২০২১ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩ এ ঠিকানায় পৌঁছাতে হবে।

বিজ্ঞপ্তিটি কর্পোরেশনের Website: www.spcbl.org.bd এবং বাংলাদেশ ব্যাংকের Website: www.bb.org.bd/www.bangladesh-bank.org/ www.bangladeshbank.org.bd -এ পাওয়া যাবে।

(মোঃ আজিজুল হক)
মহাব্যবস্থাপক (প্রশাসন)